

AME (157RD)
10.12.18

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা
www.rthd.gov.bd


নং-৩৫.০০.০০০০.০৩২.০১৪.২২.১৬-৬৭৪

তারিখঃ ১০-১২-২০১৮

বিষয়ঃ “গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (কুমিল্লা জোন)” শীর্ষক প্রকল্পের উপর অনুষ্ঠিত প্রকল্প স্টিয়ারিং কমিটি’র (পিএসসি) সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত।

গত ০৪ ডিসেম্বর ২০১৮ তারিখে “গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (কুমিল্লা জোন)” শীর্ষক প্রকল্পের উপর প্রকল্প স্টিয়ারিং কমিটি’র (পিএসসি) সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে।


(মোঃ সামীমুজ্জামান)
উপপ্রধান
ফোন-৯৫১৪২৬৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সিনিয়র সচিব, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা [দৃ: আ: যুগ্মপ্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ]
- ২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। সচিব, আইএমইডি, শের-ই-বাংলা নগর, ঢাকা
- ৪। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
- ৫। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা, নগর, ঢাকা
- ৬। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
- ৭। অতিরিক্ত সচিব (উন্নয়ন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ৮। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ শাখা, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
- ৯। যুগ্মপ্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ১০। উপপ্রধান (পরিকল্পনা ও কার্যক্রম), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ১১। প্রকল্প পরিচালক ও অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, কুমিল্লা জোন, কুমিল্লা

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরণীটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। যুগ্মপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ৫। উপপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৬-৭। অফিস কপি/মাস্টার কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা

বিষয়ঃ “গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (কুমিল্লা জোন)” শীর্ষক প্রকল্পের ওপর অনুষ্ঠিত প্রকল্পের স্ট্রাকচারিং কমিটি’র (পিএসসি) সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ নজরুল ইসলাম
সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তারিখ : ০৪ ডিসেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ
সময় : সকাল ১০:৪০ ঘটিকা
সভার উপস্থিতি : পরিশিষ্ট-ক

২. উপস্থাপনাঃ

২.১ সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির সম্মতিক্রমে যুগ্মপ্রধান বলেন যে, কুমিল্লা জোনের ১৬৮.৬৩ কিলোমিটার আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণের নিমিত্ত প্রকল্পটি ৪৭৬.৩৯ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে মার্চ ২০১৭ হতে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নাদীন। অক্টোবর ২০১৮ পর্যন্ত প্রকল্পের আর্থিক ক্রমপুঞ্জিত অগ্রগতি ৬৪.০৭%। চলতি অর্থবছরে প্রকল্পের অনুকূলে ২৭৫.০০ কোটি টাকা বরাদ্দ রয়েছে। এর মধ্যে ১৩৭.৫০ কোটি টাকা ছাড় করা হয়েছে। ছাড়কৃত অর্থের মধ্যে অক্টোবর ২০১৮ পর্যন্ত ৯০.৪১ কোটি টাকা ব্যয় হয়েছে। প্রকল্পটির বাস্তবায়ন অগ্রগতি, বাস্তবায়নের সমস্যা এবং এ সমাধানের উপায় নিয়ে অধ্যকার সভা আহবান করা হয়েছে।

৩. আলোচনাঃ

৩.১ ক্রমপুঞ্জিত এবং চলতি অর্থবছরের এডিপি’র বাস্তবায়ন অগ্রগতি কম হওয়ায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। বাস্তবায়ন কাজ দ্রুত এগিয়ে নেয়ার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

৩.২ প্রকল্পের আওতায় ১২টি প্যাকেজ রয়েছে। ১২টি প্যাকেজের কাজ নির্ধারিত সময়ে সম্পন্ন করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। সকল প্যাকেজের চুক্তি মেয়াদ ভবিষ্যতে না বাড়ানোর পরামর্শ দেয়া হয় এবং নির্ধারিত চুক্তি মেয়াদের মধ্যেই ঠিকাদার প্রতিষ্ঠান কাজ যেন সমাপ্ত করতে পারে সেজন্য তদারকি বাড়াতে হবে। এ লক্ষ্যে ঠিকাদার প্রতিষ্ঠানের নিকট থেকে সময়ভিত্তিক কর্মপরিকল্পনা নিতে হবে এবং তা মন্ত্রণালয়কে অবহিত করার জন্য পরামর্শ প্রদান করা হয়।

৩.৩ প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, বিদ্যমান জরাজীর্ণ একটি সেতুর স্থলে আরসিসি বক্স কালভার্ট নির্মাণ, সড়কের বিভিন্ন অংশে অতিরিক্ত ২০০ মিটার মজবুতকরণ, চাঁদপুর শহরের প্রবেশ পথে অতিরিক্ত ৩৭০ মিটার সড়ক প্রশস্তকরণ, ব্রিক মেশিনারি টু-ওয়াল এর দৈর্ঘ্য, আরসিসি প্যালাসাইডিং, ইউ ডেন, সার্ফেসিং কাজের পরিমাপ বৃদ্ধি এবং ইন্সিডেন্টাল কাজের পরিমাণ হাস পাওয়ায় ডিপিপি সংশোধনের প্রয়োজন হবে। প্রকল্পের আওতায় যে সকল সড়ক ও মহাসড়ক রয়েছে সে সকল সড়ক ও মহাসড়ক সরেজমিন পরিদর্শনপূর্বক বাস্তবভিত্তিক পর্যাাপ্ত মান সম্মত সাইন-সিগনাল অন্তর্ভুক্ত করে ব্যয় ডিপিপি’তে সন্নিবেশ করার জন্য পরামর্শ প্রদান করা হয়। ডিপিপি সংশোধনের এ সকল কারণ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং জরুরিভিত্তিতে ডিপিপি সংশোধন করে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

৪. সিদ্ধান্তঃ

- ৪.১ প্রকল্পের বাস্তব ও আর্থিক অগ্রগতি ত্বরান্বিত করতে হবে;
- ৪.২ প্রকল্পের আওতায় যে সকল সড়ক ও মহাসড়ক রয়েছে সে সকল সড়ক ও মহাসড়ক সরেজমিন পরিদর্শনপূর্বক বাস্তবভিত্তিক পর্যাাপ্ত মান সম্মত সাইন-সিগনাল অন্তর্ভুক্ত করে ব্যয় ডিপিপি’তে সন্নিবেশ করতে হবে।
- ৪.৩ প্রকল্পের উপর অনুষ্ঠিত পিআইসি সভার সুপারিশ অনুযায়ী ব্যবস্থা গ্রহণপূর্বক প্রকল্পের সংশোধিত ডিপিপি পুনর্গঠন করতে হবে।
- ৪.৪ সংশোধিত ডিপিপি অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
- ৫। অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ নজরুল ইসলাম)

সচিব

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ